প্রাথমিক ইংরেজি (প্রথম – অষ্টম)

TESS India

শিখন পরিবেশ

The learning environment

ভারতে বিদ্যালয় ভিত্তিক
সহায়তার ভিত্তিতে শিক্ষকের
জন্য শিক্ষা

www.TESS-India.edu.in

CC BY SA

http://creativecommons.org/licenses/

The Open University

UKaid
from the British people

TESS-ইন্ডিয়া) টিচার এডুকেশন থ্রু স্কুল বেসড সাপোর্ট(-এর লক্ষ্য হল শিক্ষার্থী-কেন্দ্রিক, অংশগ্রহণমূলক পদক্ষেপের উন্নতিতে শিক্ষকদের সহায়তা করার জন্য ওপেন এডুকেশনাল রিসোর্সেস)OERs)-এর সম্পদগুলির মাধ্যমে ভারতের প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের শ্রেণিকক্ষের রীতিগুলিকে উন্নত করা। TESS-ইন্ডিয়া OERs শিক্ষকদের স্কুলের পাঠ্যবইয়ের সহায়িকা প্রদান করে। এগুলি শিক্ষকদেরকে তাঁদের শিক্ষার্থীদের সঙ্গে শ্রেণিকক্ষে পরখ করে দেখার জন্য অ্যাক্টিভিটি প্রদান করে, আর একই সাথে কিছু কেস স্টাডি প্রদান করে যেগুলি দেখায় যে অন্য শিক্ষকরা কীভাবে বিষয়টি পড়িয়েছেন এবং সম্পদগুলির মধ্যে যোগসূত্র স্থাপন করেছে যাতে শিক্ষকদেরকে তাঁদের পাঠের পরিকল্পনা ও বিষয়জ্ঞানকে উন্নত করতে সাহায্য করা যায়।

ভারতীয় পাঠ্যক্রম এবং প্রসঙ্গগুলির জন্য TESS-ইন্ডিয়া OERs সহযোগীতামূলক ভাবে ভারতীয় এবং আর্ন্তজাতিক লেখকদের দ্বারা লেখা হয়েছে এবং এটি অনলাইনে এবং ছাপার ব্যবহারের জন্য উপলব্ধ আছে (http://www.tess-india.edu.in/) । OERs অনেক সংস্করণে পাওয়া যায়, এগুলি ভারতের প্রত্যেক অংশগ্রহণকারী রাজ্যের জন্য উপযুক্ত এবং স্থানীয় প্রয়োজনীয়তা এবং প্রসঙ্গ পূরণ করতে OERsকে ব্যবহারকারীদের গ্রহণ এবং স্থানীয় ভাষায় অনুবাদ করতে আমন্ত্রণ করা হয়।

TESS-ইন্ডিয়া দি ওপেন ইউনির্ভাসিটি UK দ্বারা পরিচালিত এবং UK সরকার আর্থিক বিনিয়োগ করেছে।

ভিডিও সম্পদসমূহ

এই ইউনিটে কিছু কার্যক্রমের সঙ্গে নিম্নলিখিত আইকনগুলি আছে: । এর অর্থ হল যে নির্দিষ্ট শিক্ষাদান সক্রান্ত থিমের জন্য TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ দেখা আপনার পক্ষে সহায়ক হবে।

TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ ভারতের ক্লাসঘরের বিবিধ প্রকারের পরিপ্রেক্ষিতে মূল শিক্ষাদানসংক্রান্ত কৌশলগুলি চিত্রিত করে। আমরা আশা করি সেগুলি আপনাকে অনুরূপ চর্চা নিয়ে পরীক্ষা করতে সাহায্য করবে। সেগুলির উদ্দেশ্য হল পাঠ্যভিত্তিক ইউনিটের মাধ্যমে আপনার কাজের অভিজ্ঞতা বাড়ানো ও পরিপূর্ণ করা, কিন্তু আপনি যদি সেগুলি পেতে অসমর্থ হন, সেই ক্ষেত্রে এগুলি অপরিহার্য নয়।

TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদগুলি অনলাইনে দেখা যায় বা TESS-ইন্ডিয়া ওয়েবসাইট, (http://www.tess-india.edu.in/) থেকে ডাউনলোড করা যায়। অন্যথায় আপনি একটি সিডি বা মেমরি কার্ডে ভিডিওগুলি পেতে পারেন।

তৃতীয় পক্ষের উপাদানগুলি বা অন্যথায় বর্ণিত না হলে এই সামগ্রীর একর্ম ক্রিয়েটিভ মকনস অ্যাট্রিবিউশন-শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্ধ: http://creativecommons.org/licenses/by-sa/3.0/

TESS-India is led by The Open University UK and funded by UK aid from the UK government

এই ইউনিটের বিষয়বস্তু

এই ইউনিটটি আপনার পরিবেশগত মুদ্রণ এবং আপনার শ্রেণিকক্ষের মুদ্রণ-সমৃদ্ধ পরিবেশের বিষয়ের উপর মনোযোগ প্রদান করে। শিক্ষার্থীরা যখন দেখে যে তাদের চারিদিকের দেখা মুদ্রণগুলি অর্থ বহন করে, তখন তারা স্বাক্ষরতার দিকে তাদের প্রথম পদক্ষেপ নেয়। বাড়িতে এবং সম্প্রদায়ের মধ্যে 'পরিবেশগত মুদ্রণ' হল প্রায়শই প্রথম লিখন যেটি শিক্ষার্থীরা পাঠ করতে শেখে। এই লিখন হল দৈনন্দিন জীবনের অঙ্গ – আমরা আমাদের চারপাশে চিহ্নসমূহ, টিকিট, খবরের কাগজ, প্যাকেট এবং পোস্টার ইত্যাদিতে যেসব লিখন দেখি। যখন শিক্ষার্থীরা বিদ্যালয়ে আসে, তারা পরিবেশগত মুদ্রণের বিভিন্ন ধরন দেখে: চার্ট, তালিকা, সময়সূচী, লেবেল এবং অন্যান্য সব ধরনের পঠনের সরঞ্জাম। শিক্ষকরা ইংরেজি শেখানোর জন্য এইসব সমাজভিত্তিক এবং বিদ্যালয়ের সম্পদগুলির সদ্ব্যবহার করতে পারেন।

আপনার শুরুটা যেখান থেকেই হোক না কেন-এই ইউনিটের অ্যাক্টিভিটিগুলি আপনাকে আপনার শ্রেণিকক্ষে মুদ্রণ পরিবেশের উন্নতি করতে সহায়তা করবে – এবং শিক্ষার্থীদের সঙ্গে আপনার ইংরেজি ভাষা দক্ষতার উন্নতি এবং অনুশীলন করতে সহায়তা করবে। আপনার পেশাগত প্রয়োজন এবং আপনার শিক্ষার্থীদের প্রয়োজনের ভিত্তিতে অ্যাক্টিভিটিগুলি অভিযোজিত করুন।

এই ইউনিটে আপনি কী শিখতে পারেন

- ইংরেজি স্বাক্ষরতার জন্য স্থানীয় মুদ্রণ সম্পদগুলি ব্যবহার করা।
- ইংরেজি শিক্ষায় মুদ্রণ-ভিত্তিক অ্যাক্টিভিটিগুলির পরিকল্পনা করা।
- ইংরেজি সাক্ষরতার জন্য পারস্পরিক আদান-প্রদানমূলক ব্যবহারিক সম্পদগুলি তৈরি করা।

1 পরিবেশগত মুদ্রণ কি?

পরিবেশগত মুদ্রণ' পরিভাষাটির অর্থ এবং এটা কীভাবে শিক্ষার্থীদের শিক্ষণের ক্ষেত্রে সহায়তা করে সেদিকে লক্ষ্য করুন।

পরিবেশগত মুদ্রণ প্রায়ই সেই প্রথম লেখাটি হয়, যেটা শিক্ষার্থীরা আনন্দ এবং উৎসাহের সঙ্গে পাঠ করতে শেখে। উদাহরণ হিসাবে, অনেক শিক্ষার্থী জানবে যে একটি নীল প্রেক্ষাপটের ওপর চিত্র 1 এর শব্দগুলি এবং এই আকৃতি হল একটি আইসক্রিমের সুন্দর অনুভূতি । আপনি কি এই ধরনের অন্য চিহ্নগুলির ব্যাপারে ভাবতে পারেন?

চিত্র 1 মাদার ডেয়ারির লোগো

বেশির ভাগ শিক্ষার্থী মুদ্রণের বিষয়ে কিছু জ্ঞান নিয়ে এবং ইংরেজির বিষয়েও কিছু জ্ঞান নিয়ে বিদ্যালয়ে আসতে শুরু করে। বিদ্যালয়ে তারা নতুন, আলাদা ধরনের লেখার সম্মুখীন হয়: চার্ট, তালিকা, নাম, সময়সূচী, লেবেল এবং সব ধরনের পঠন উপকরন।

খুব কম মূল্যে বা বিনা খরচে, আপনি একটা প্রাণবন্ত, দৃশ্যময় শ্রেণিকক্ষ তৈরি করতে পারেন, যেখানে শিক্ষার্থীরা অনেক ধরণের মুদ্রণের সম্মুখীন হয়। আপনার শ্রেণিকক্ষের দেওয়ালগুলি এবং খালি স্থানগুলি একটি সৃজনশীল যোগাযোগের পরিবেশ হতে পারে, যেখানে আপনি বিভিন্ন ধরনের বিদ্যালয়, সমাজ এবং বাড়ির লিখনগুলির প্রদর্শন এবং শিক্ষাদান করেন।

অ্যাক্টিভিটি 1: সংকেত এবং চিহ্নগুলি থেকে পঠন

আপনি কি কখনও অন্য দেশে, বা আপনার দেশেরই অন্য কোন রাজ্যে ছিলেন, যেখানে আপনি স্থানীয় ভাষা পাঠ করতে পারতেন না? কোথায় যেতে হবে, কি করতে হবে বা দোকানের চিহ্নগুলি এবং রাস্তার পোস্টারগুলি কি বোঝাচ্ছে, এগুলি আপনি কীভাবে বুঝতেন? আপনি কি কখনও এটা ভুল বুঝেছেন? এতে যখন সফল হতেন তখন আপনি কি খুশি হতেন? নতুন ভাষার চর্চা করতে আপনি কি আপনার বাড়ির ভাষার জ্ঞান ব্যবহার করতেন?

আপনার শিক্ষার্থীরা যারা এখনও পাঠ করতে পারে না, তারা যেন এই 'বিদেশে' রয়েছে। তারা বিভিন্ন জায়গায় বিভিন্ন জিনিসে লেখা অক্ষর এবং শব্দগুলি দেখে: বাজারের মধ্যে বাক্স, পোষাকের লেবেল, রাস্তায় বিজ্ঞাপনের বোর্ড এবং পরিবহণ সংকেত চিহ্ন, বাড়ির বই বা পুস্তিকাগুলি, মন্দির বা মসজিদের ঘোষণাগুলি, এবং মোবাইল ফোনের লিখনগুলি। তারা জানে যে এই চিহ্ন এবং সংকেতগুলি তথ্য বহন করে। তারা শব্দগুলির চারপাশে ঘিরে থাকা সূত্রগুলি ব্যবহার করে তথ্য 'পাঠ' করতে শুরু করে: চিত্র, চিহ্ন, রঙ, আকার, লেখাগুলির অবস্থান এবং মানুষ লেখাগুলি দিয়ে যা করে।

দেখুন এবং ভাবুন চিত্র 2-এ কীভাবে শব্দগুলি এবং ছবিগুলি একত্রে কাজ করে এবং আপনি শব্দগুলি এবং আকারগুলির সঙ্গে রঙগুলিও যে দেখতে পারেন সে বিষয়েও ভাবুন। যদি আপনি কোন লিখিত ভাষা পাঠ করতে না পারেন, আপনি কীভাবে বুঝবেন যে এই চিহ্নগুলি দ্বারা কি বোঝায়?

চিত্র 2 তিনটি চিহ্ন

যদি আপনি বাংলা বা কোন ইংরেজি না জানতেন, আপনি তা হলেও আপনার জীবনের অভিজ্ঞতা এবং বিশ্ব সম্পর্কে আপনার জ্ঞান ব্যবহার করে চিহ্নগুলির অর্থ উদ্ধার করতে পারতেন। শিক্ষার্থীরা তাদের ভাষা এবং বিশ্ব সম্পর্কে জ্ঞান অর্জন করছে।

যে চিহ্নগুলি কর্পোরেশন এবং ব্র্যান্ডগুলিকে চিহ্নিত করে, অনেক শহুরে শিক্ষার্থীরা সেগুলিকে 'পাঠ' করতে পারে। একইভাবে, গ্রামীণ শিক্ষার্থীরা 'রেল ক্রসিং' বা 'বাস স্টপ' এর চিহ্নগুলি জানে। পরিবেশগত মুদ্রণ যেটা শিক্ষার্থীরা 'পাঠ' করতে পারে, সেটা এখনও পর্যন্ত তাদের জীবনের অভিজ্ঞতা দ্বারা প্রভাবিত, যেমন তারা কোথায় বাস করে এবং তাদের বাড়ি এবং সমাজে কি ঘটে ইত্যাদি।

2 পরিবেশগত মুদ্রণ চিনতে পারা

পরিবেশগত মুদ্রণ চিনতে পারা:

- শিক্ষার্থীদের ‘পঠনে’ সাফল্যের অনুভূতি দেয়
- তাদের আরও পড়তে অনুপ্রাণিত করে
- শব্দ, বাক্য এবং দীর্ঘ পঠনের ভিত্তি স্থাপন করে।

কিন্তু পরিবেশগত মুদ্রণে অভিজ্ঞতাই শিক্ষার্থীদের স্বয়ংক্রিয়ভাবে পঠনের পথনির্দেশ করে না। শিক্ষার্থীরা হয়ত প্রাথমিকভাবে নির্দিষ্ট পরিবেশে চেনা শব্দগুলি শিখতে পারে, কিন্তু তারপর যখন এগুলো প্রসঙ্গের বাইরে থাকে, তারা এই একই শব্দগুলিকে চিনতে পারে না।

অ্যাক্টিভিটি 1: অবস্থার পরিবর্তন করা

চিত্র 3 এর চিত্র দুটি দেখুন। উভয় চিত্রেই ‘মাছ’ শব্দটি আছে। একটিতে কিছু সূত্র আছে; অপরটিতে নেই। কোন্ ‘মাছটি’, একজন শিশু শিক্ষার্থীর জন্য পাঠ করা সহজতর বলে আপনার মনে হয় এবং কেন এটা সহজতর হবে? অন্যান্য শিক্ষকদের সঙ্গে আপনার ভাবনাগুলি আলোচনা করুন।



চিত্র 3 প্রসঙ্গটির গুরুত্ব

চিন্তার জন্য সাময়িক বিরতি

যদি আপনার শ্রেণিকক্ষের দেওয়ালগুলিতে প্রদর্শিত শব্দাবলী থাকে, এই শব্দগুলি কি বিচ্ছিন্নভাবে রয়েছে নাকি তাদের জন্য ‘সূত্রাবলী’ আছে?

3 শ্রেণিকক্ষে পরিবেশগত মুদ্রণের ব্যবহার

কোন্ মুদ্রণ সম্পদগুলি আপনার শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে ব্যবহার করতে পারে? কেস স্টাডি 1-এ, একজন নতুন শিক্ষিকা তার শিক্ষার্থীদের সঙ্গে একটি মুদ্রণ সমৃদ্ধ পরিবেশ সৃষ্টি করতে পদক্ষেপ গ্রহণ করেন।

কেস স্টাডি 1: কুমারী দেবশ্রী শ্রেণিকক্ষের পরিবেশ উন্নত করেন

যখন কুমারী দেবশ্রী একজন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষিকা হিসেবে নিযুক্ত হলেন, তাকে প্রথম শ্রেণী দেওয়া হয়েছিল। বেশির ভাগ শিক্ষার্থীরাই প্রথম প্রজন্মের শিক্ষার্থী ছিল।

আমার মনে হয়েছিল যে শিক্ষার্থীদের সাক্ষরতার উন্নয়নের জন্য সম্পূর্ণ দায়িত্ব আমার। সবে শিক্ষকতা প্রশিক্ষণ থেকে ফেরার ফলে, আমি জানতাম যে প্রত্যেক শিক্ষককে শিক্ষাদান ও শিক্ষণের সরঞ্জাম (TLM) কেনার জন্য 500 টাকা প্রদান করা হয়। আমি বিভিন্ন রঙিন কাগজ, মার্কার পেন, পোস্ট-ইট-নোট (রঙিন আঠা লাগানো কাগজ ছোট) , আঠা, কয়েক জোড়া কাঁচি, কিছু চার্ট এবং ন্যাশনাল বুক ট্রাস্টের গল্পের বই কিনেছিলাম, যেগুলি ভালো মানের এবং দামেও কম।

তারপর আমি শিক্ষাদান ও শিক্ষণ প্রক্রিয়ায় যারা আমার সব থেকে জরুরি সম্পদ, আমার শিক্ষার্থীদের কাছ থেকে সাহায্য চাইলাম। আমি তাদের যেকোনো ধরনের মুদ্রণ সরঞ্জাম আনতে বলেছিলাম, যেগুলি তারা হাতের কাছে পেতে পারে। তারা শ্রেণিকক্ষে যা যা এনেছিল সেগুলো দেখে আমি বিস্মিত হয়েছিলাম: ফিল্মের পোস্টার, বিজ্ঞাপন, রিসাইকেল করা পত্রিকা এবং খবরের কাগজ, খাদ্যদ্রব্যের প্যাকেট, উৎসবের শুভেচ্ছা পত্র, রাজনৈতিক লিফলেট, মোবাইল ফোনের নির্দেশাবলী, কম্পিউটার এবং প্রিন্টারের নির্দেশাবলী এবং স্বাস্থ্য ঘোষণাপত্র ইত্যাদি। যেগুলি শিক্ষার্থীরা জানতে অথবা পাঠ করতে চায় এবং যে জিনিসগুলো সম্পর্কে তারা কৌতূহলী, তাদের আনা মুদ্রণের সরঞ্জামগুলি সেগুলির প্রতিফলন করেছিল [যেমন চিত্র 4 এর উদাহরণগুলি]।

চিত্র 4 মুদ্রণ সরঞ্জামগুলির উদাহরণসমূহ

এই সম্পদগুলি দিয়ে, আমরা শ্রেণিকক্ষের মুদ্রণ পরিবেশ তৈরি করা শুরু করেছিলাম।

শিক্ষার্থীরা তাদের আনা মুদ্রিত জিনিসপত্রের থেকে অক্ষর এবং শব্দগুলি কেটে নিতে কাঁচি ব্যবহার করেছিল। যখন তারা বাংলাতে আমার সাহায্য নিয়ে শব্দগুলি এবং ছোট বাক্যগুলি তৈরি করেছিল, আমি ইংরেজিতে সমার্থক শব্দগুলি লিখেছিলাম। আমরা দুটো আলাদা ভাষায় একই শব্দগুলির তুলনা করেছিলাম, এবং আলাদা আলাদা লেখায়:

house	ঘর
teeth	দাঁত
father	বাবা
mother	মা

এই অ্যাক্টিভিটি শিক্ষার্থীদের সূক্ষ্ম সঞ্চালনমূলক দক্ষতা এবং চোখ-হাত সমন্বয়ের উন্নতির জন্যেও ভালো ছিল। এছাড়াও আমরা ইংরেজি এবং বাংলাতে শব্দগুলির কপি করেছিলাম এবং শব্দগুলি ব্যাখ্যা করতে চিত্রগুলি প্রদর্শন করেছিলাম। আমরা আমাদের প্রিয় এবং সবথেকে আকর্ষণীয় শব্দগুলির জন্য একটি শব্দ দেওয়াল তৈরি করেছিলাম।

একজন নতুন শিক্ষিকা হিসেবে এগুলি আমার কাছে খুব উৎসাহজনক ছিল। আমার শিক্ষার্থীরা শিখেছিল যে শব্দ হল মানুষ, স্থান এবং বিশ্বের বিভিন্ন জিনিসপত্রের জন্য ব্যবহৃত চিহ্নসমূহ। তারা তাদের শব্দভাণ্ডার বৃদ্ধি করেছিল এবং দ্বিভাষিক শিক্ষার্থী হিসেবে তারা তাদের আত্মবিশ্বাস গড়ে তুলেছিল। এছাড়াও আমি শ্রেণিকক্ষে ইংরেজি ব্যবহারের ক্ষেত্রে আরও আত্মবিশ্বাস অর্জন করেছিলাম।

4 শিক্ষকরা পরিবেশগত মুদ্রণের ব্যাপারে কথা বলেন।

আমরা ছয়জন সরকারি বিদ্যালয়ের প্রাথমিক শিক্ষকদের, তারা কীভাবে তাদের শ্রেণিকক্ষে মুদ্রিত সরঞ্জাম ব্যবহার করেন, সে বিষয়ে আমাদের বলার জন্য বলেছিলাম। তারা যা বলেছিলেন তা হল এরকম:

- ‘আমার শিক্ষার্থীরা নিজেরাই একটা চার্টে তাদের উপস্থিতির চিহ্ন দেয়, সুতরাং তাদের অবশ্যই ইংরেজিতে নিজেদের নাম পড়তে হবে এবং নিজেদের উপস্থিতিতে টিক দিতে হবে। তারা ইংরেজিতে তাদের নাম চিনতে শেখে এবং চার্টে তাদের নাম স্বাক্ষর করে। ভাষার উন্নতির সঙ্গে সঙ্গেই, এটা অনুপস্থিতি আটকাতে আমাদের সাহায্য করে, কারণ শিক্ষার্থীরা তাদের নিজেদের উপস্থিতি রেকর্ড করার জন্য অনুপ্রাণিত হয়ে থাকে।’
- ‘পাঠ্যক্রমের বিভিন্ন বিষয়ের জন্য, শিক্ষার্থীরা যা বলে, সেসব আমি একটা বড় কাগজের শিটে লিখে রাখি। তারা যে শব্দগুলো বলে আমি ঠিক সেই শব্দগুলোই লিখি এবং এগুলো যে তাদের নিজেদের লেখা শব্দাবলী, সেটা দেখাতে তারা ইংরেজিতে তাদের নিজেদের নাম লেখে। এটার সাহায্যে, তারা কি জানে এবং বোঝে আমার জানা সম্ভব হয়। আমি শ্রেণিকক্ষের দেওয়ালের লেখাটি দেখাই এবং এটাকে একসাথে পাঠ করি। আমি দেখি শিক্ষার্থীরা একে অপরকে এবং যখন তাদের বাবা মায়েরা বিদ্যালয়ে আসেন তখন তাদের সেই শব্দগুলো পড়ে শোনাচ্ছে।’
- ‘আমি আমার শ্রেণিকক্ষের (chair, table, pencils) ভেতরের এবং এমনকি শ্রেণিকক্ষের (door, gate, road, entrance, office) বাইরেও জিনিসগুলি বাংলা এবং ইংরেজিতে লেবেল করে রাখি। এমনকি বিদ্যালয়ের টয়লেটেও আমি একটা চিহ্ন প্রদর্শিত করেছিলাম, যেটা শিক্ষার্থীদের ‘flush’ এবং ‘wash your hands’ মনে করাত। এটার থেকে, কীভাবে জীবাণু, সংক্রমণ এবং রোগের বিরুদ্ধে লড়াই করা যায় সে বিষয়ে আমি শিক্ষার্থীদের সঙ্গে কথা বলতে সমর্থ হতাম।’
- ‘আমরা বিদ্যালয়তেই থেমে যাই না – আমরা শিক্ষার্থীদের বাড়িতে সাক্ষরতা সংযুক্ত করতে চাই। শিক্ষার্থীরা এবং আমি বাড়ির মধ্যের যেসব স্থানে লেবেল করা যেত (রান্নাঘর, পাত্র, আধার, জানালা, চেয়ার) সেই স্থানগুলি নিয়ে কথা বলেছিলাম এবং কি ধরনের বার্তা বাড়ির ভেতরে থাকতে পারে, যেমন ‘Take off your shoes’ এবং

'Wash your hands before eating' সেসব নিয়েও কথা বলেছিলাম। আমরা ইংরেজি এবং বাংলাতে লেবেল তৈরি করেছিলাম। শিক্ষার্থীরা লেবেলগুলি বাড়িতে নিয়ে গিয়েছিলো। একজন মা আমাকে এটা বলতে বিদ্যালয়ে এসেছিলেন যে তিনি তার বাড়ির জন্য একটি জঞ্জালের পাত্র কিনেছেন, কারণ তার কন্যা বাড়িতে যে লেবেলগুলি এনেছিল তার মধ্যে একটি ছিল 'Dustbin' এই বার্তাযুক্ত 'Throw your garbage in a bin'। আমরা অভিজ্ঞতা থেকে জানি যে এই ধরনের অ্যাক্টিভিটি বাড়িতে এবং বিদ্যালয়ে করা হলে এটা বাবা-মায়েদেরও তাদের শিক্ষার্থীদের সঙ্গে পাঠ করতে উৎসাহিত করে।'

- 'আমি একটা ছোট গ্রামের একটি সরকারি বিদ্যালয়ে শিক্ষকতা করি। আমি আমার শিক্ষার্থীদের তাদের পরিবারের জন্য সহজ বার্তাসহ গ্রিটিং কার্ড বানাতে উৎসাহ দিয়ে থাকি যেগুলি তারা বাড়িতে পাঠ করে। পিতামাতারা এটার খুব কদর করেছেন এবং গর্ব অনুভব করেছেন যে তাদের শিশুরা ইংরেজিতে লিখতে এবং পাঠ করতে পারে।'
- 'আমি সব শ্রেণিকক্ষে যোগাযোগ এবং রুটিনগুলির জন্য 'কার্যকরী মুদ্রণ' সৃষ্টি করি; যেমন, একটা রোজকার সময়সূচী। আমি নিশ্চিতভাবেই এটার উল্লেখ করি এবং শিক্ষার্থীদের এটা লক্ষ্য করতে উৎসাহিত করি। এটা তাদের নিজেদের শিক্ষা ব্যবস্থাপনা করতে সাহায্য করতে পারে। বোর্ডে আমি সপ্তাহের দিন, মাস, বিদ্যালয় দর্শনার্থীদের নাম, আচরণবিধি এবং সকালের বার্তা লিখি। শিক্ষার্থীদের এগুলি রোজ পাঠ করতে এবং সেগুলি সম্পর্কে কথা বলতে উৎসাহিত করা জরুরি।'
- 'আমি একটি গ্রামীণ বিদ্যালয়ে পড়াই এবং শ্রেণিকক্ষটি ছোট। একটা দেওয়াল জুড়ে একটি বোর্ড রয়েছে এবং অন্য দেওয়ালগুলিতে জানালাগুলি এবং দরজাটি আছে। প্রদর্শন করার বোর্ডগুলি বা তালিকাগুলি অনেক জায়গা দখল করে নেবে, তাই আমি শিক্ষার্থীদের কাজগুলি শ্রেণিকক্ষের দরজার সামান্য বাইরের দেওয়ালে লাগিয়ে রাখি। ভেতরে, আমি শিক্ষার্থীদের কাজগুলিকে কাপড় শুকানোর ক্লিপ , কাগজের ক্লিপ, টেপ বা কখনো কখনো কাঁটা ব্যবহার করে দড়িতে লাগিয়ে রাখি। দড়িটি যেন শ্রেণিকক্ষ বরাবর একটি কাপড় মেলার দড়ির মত লাগে। লিখন এবং অঙ্কন দিয়ে ঘর সাজালে শ্রেণিকক্ষটি আরও বেশি আকর্ষণীয় এবং আন্তরিক হয়।'
- 'আমি একটি একাধিক মানের বিভিন্ন স্তরের শ্রেণিতে পড়াই। মাসে একবার বয়স্ক শিক্ষার্থীদের জন্য আমাদের একটি 'translation workshop' আছে। তারা সহজ মুদ্রণ সরঞ্জাম নিয়ে আসে – বেশিরভাগই হল তাদের বাড়ির থেকে আনা বিয়ের নিমন্ত্রণ পত্র। দলগতভাবে কাজ করার সময়, তারা আমার সাহায্য নিয়ে কার্ডের বিষয়বস্তু ইংরেজিতে অনুবাদ করে। আমি এগুলো বাড়িতে নিয়ে যাই এবং আমার প্রতিবেশীর সাহায্যে অনুবাদগুলি সম্পাদনা করি। আমরা তারপর তরুণ শিক্ষার্থীদের পাঠ করার জন্য মূল নিমন্ত্রণ পত্র এবং সম্পাদিত ও অনুবাদিত সংস্করণগুলি উভয়ই প্রদর্শন বোর্ডে দেখার জন্য রাখি।'

চিন্তার জন্য সাময়িক বিরতি

- প্রত্যেক উদাহরণে, পরিবেশগত মুদ্রণের ওপর ভিত্তি করে শিক্ষাদান এবং শিক্ষণকে সনাক্ত করুন।
- শিক্ষার্থীদের স্বাস্থ্য এবং শিক্ষাগত উন্নয়নের সঙ্গে সম্পর্কযুক্ত এই অ্যাক্টিভিটিগুলির অন্যান্য সুবিধাগুলি কি কি?
- আপনি কি এই শিক্ষকদের মত কিছু করেন?

ভিডিও: সকলকে যুক্ত করা

5 আপনার শ্রেণিকক্ষে পরিবেশগত মুদ্রণ ব্যবহারের পরিকল্পনা করা

অ্যাক্টিভিটি 3: আপনার শ্রেণিকক্ষের চারপাশ দেখুন - একটি পরিকল্পনামূলক অ্যাক্টিভিটি

আপনার শ্রেণিকক্ষের চারিদিকে দেখুন। যদি আপনি পরিবেশগত মুদ্রণ ব্যবহার করতে একটি বা দুটি পরিবর্তন করতেন, সেই পরিবর্তনগুলি কি কি হত? এই পরিবর্তনগুলি শিক্ষকতা এবং শিক্ষণের উন্নতি কীভাবে করতে পারে বলে আপনার মনে হয়?

আপনি কি এই পরিবর্তনগুলি করতে কিছু বাস্তব পদক্ষেপ গ্রহণ করতে পারতেন?

সহজলভ্য জিনিসপত্র, যেমন পরিত্যক্ত বাক্স, চটের থলি এবং ব্যবহৃত প্যাকিংয়ের সামগ্রী ব্যবহার করে সহজ প্রদর্শন বোর্ড তৈরি করার উপায়গুলি নিয়ে ভাবুন।

শ্রেণিকক্ষের পরিবেশের মধ্যে সব শিক্ষার্থীদের অন্তর্ভুক্তিকরনের গুরুত্ব সম্পর্কে আরও জানতে ব্যবহারিক সম্পদ– 2 ‘সকলকে যুক্ত করা’ দেখুন।

অ্যাক্টিভিটি 4: শ্রেণিকক্ষের লেবেলগুলি

যদি আপনার শ্রেণীতে শিক্ষার্থী সংখ্যা বেশি হয় , আপনি প্রত্যেকদিন ভিন্ন ভিন্ন শিক্ষার্থীদের নিয়ে দল গঠন করে এই অ্যাক্টিভিটিগুলি করতে পারেন।

ইংরেজিতে কিছু অভিজ্ঞতা আছে এমন অপেক্ষাকৃত বড় শিক্ষার্থীদের জন্য, এই কাজটি ব্যবহার করুন, যাতে কার্ডগুলি শুধু ইংরেজিতে থাকে এবং শিক্ষার্থীদের কার্ডগুলি নিজেদের লিখতে দিন।

আপনার যেসব সম্পদ দরকার হবে তার মধ্যে কার্ড, পেন এবং টেপ রয়েছে।

- কিছু কার্ডকে দুটো ভাষায় প্রস্তুত করুন (বাংলা এবং ইংরেজি, বা আঞ্চলিক ভাষা এবং ইংরেজি) কিছু কার্ড ফাঁকা রেখে দিন, যাতে শিক্ষার্থীরা তাদের ভাবনাগুলো দিয়ে তাদের নিজস্বতার অবদান রাখতে পারে।
- শিক্ষার্থীদের বলুন যে, সঠিক জিনিসে বা সঠিক তাকে (shelf) সঠিক লেবেল লাগাতে আপনি তাদের সাহায্য চান।
- শিক্ষার্থীদের বলুন যে আপনারা একসাথে ইংরেজি শিখবেন এবং অনুশীলন করবেন।
- যে লেবেলগুলি আপনি ইতিমধ্যেই ইংরেজিতে এবং অন্য একটি ভাষায় প্রস্তুত করেছেন সেগুলি শিক্ষার্থীদের দেখান, উদাহরণস্বরূপ: ‘desk’, ‘window’, ‘chair’। আঞ্চলিক ভাষায়/বাংলাতে এবং ইংরেজিতে শিক্ষার্থীদের সামনে

লেবেলগুলি পাঠ করুন। শব্দগুলি একসাথে ইংরেজিতে পাঠ অভ্যাস করুন।

- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে লেবেলগুলি কোথায় বসানো উচিত ছিল; যেমন, বইয়ের তাকে, দরজায়, টেবিলে, ডেস্কের ওপরে।
- শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন শ্রেণিকক্ষের চারপাশে এছাড়া আর কি লেবেল করা যেতে পারত, বা বিদ্যালয়ে ভ্রমণ করতে আসা মানুষদের সাহায্য করার জন্য কোথায় চিহ্ন দেওয়া যেতে পারত।
- আপনি যখন প্রতিটি লেবেল বা চিহ্ন লিখছেন, অক্ষরগুলি এবং শব্দগুলি বলুন।
- শব্দগুলি উভয় ভাষায় একসাথে বলে অভ্যাস করুন।

চিত্র 5 এ শ্রেণিকক্ষের লেবেলগুলির উদাহরণ দেখানো হয়েছে।



চিত্র 5 শ্রেণিকক্ষের লেবেলগুলি

সারাদিন ধরে শিক্ষকতা করার সময়ে শ্রেণীকক্ষের লেবেল সম্পর্কিত শব্দগুলির উল্লেখ করতে পারেন। আপনি যে শব্দগুলি ব্যবহার করেছেন, শিক্ষার্থীদের সেগুলি খুঁজে চিহ্নিত করতে বলুন। আপনার সঙ্গে এবং নিজেদের মধ্যে কথোপকথনের সময় শিক্ষার্থীদের এই শব্দগুলি ব্যবহার করান, উদাহরণস্বরূপ:

- ‘Shusheela, please bring the books.’
- ‘Yes, I will bring the books.’
- ‘Thank you. Mohan, please go and open the door.’
- ‘Yes, I will open the door.’

শ্রেণিকক্ষে লেবেলিং করা শিক্ষার্থীদের ইংরেজিতে পড়া , কথা বলা এবং শোনার দক্ষতা বৃদ্ধি করে। আপনার গঠনমূলক মূল্যায়ন মৌখিক প্রশ্নাবলী এবং প্রতিক্রিয়ার ওপর ভিত্তি করে হবে এবং যেখানে শিক্ষার্থীদের অতিরিক্ত অনুশীলনের প্রয়োজন আছে, আপনাকে সেই ক্ষেত্রগুলি সনাক্ত করতে সাহায্য করবে।

অ্যাক্টিভিটি 5: মত বিনিময়ের শব্দ দেওয়াল

ব্যবহারিক সম্পদ 1 এর শব্দ দেওয়ালের বিষয়গুলির বৈচিত্র্য সম্পর্কে পাঠ করুন। চিত্রগুলি দেখুন এবং আপনার শ্রেণিকক্ষের জন্য কোনটা সম্ভব এবং বাস্তব সেটা নিয়ে ভাবুন।

আপনার শ্রেণিকক্ষে একটি শব্দ দেওয়াল তৈরি করতে একটি বিষয় পছন্দ করুন। আপনার ভাবনাগুলি আপনার সহকর্মীদের এবং প্রধান শিক্ষকের সাথে আলোচনা করুন।

শ্রেণিকক্ষে প্রদর্শিত শব্দ এবং বাক্যগুলিকে চোখে দেখতে এবং ছুঁয়ে দেখতে অবশ্যই শিক্ষার্থীদের সমর্থ হতে হবে। রোজকার শব্দ দেওয়াল অ্যাক্টিভিটিগুলি অবশ্যই ঘনঘন, ছোট এবং মজার হতে হবে – এবং শুধু দিনের নির্দিষ্ট সময়গুলিতে নয়। সপ্তাহের নতুন শব্দগুলির কেমন গঠন ও কেমন উচ্চারণ - সে বিষয়েও শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণকারী আলোচনাগুলিতে আনন্দের সঙ্গে এবং সুর করে আদান প্রদানে উৎসাহিত করুন।

মনে রাখবেন: যখন শ্রেণিকক্ষের দেওয়ালগুলিতে লিখন সম্পন্ন হয়ে যায়, একজন শিক্ষকের কাজ তখনও শেষ হয় না । এই সম্পদগুলি ব্যবহার করতে শিক্ষার্থীদেরকে আপনার সাহায্য করা প্রয়োজন। রোজকার দেওয়াল অ্যাক্টিভিটিগুলির জন্য দীর্ঘ সময় ধরে শিক্ষনের দরকার নেই; তারা সম্ভবত সপ্তাহের ওই দিনটিকে পাঠ করবে এবং বলবে, শিক্ষার্থীদের নাম পাঠ করবে, বা বিশেষ সাপ্তাহিক শব্দগুলি পাঠ করবে এবং বলবে। আপনার পাঠ-পরিকল্পনাগুলির মধ্যে শব্দ দেওয়ালগুলি অন্তর্ভুক্ত করুন এবং সৃজনশীল লিখন, বানান এবং শব্দসংগ্রহের জন্য স্বতন্ত্রভাবে শব্দ দেওয়ালগুলি উল্লেখ করতে শিক্ষার্থীদের জন্য সুযোগ তৈরি করুন। বিদ্যালয় চলাকালীন ঘনঘন শব্দ দেওয়ালের ব্যবহার করা, আপনাকেও শ্রেণিকক্ষে ইংরেজি ব্যবহারে আরও আত্মবিশ্বাসী বোধ করতে সহায়তা করবে।

6 সারসংক্ষেপ

এই ইউনিটটি পরিবেশগত মুদ্রণের ওপর দৃষ্টি নিবদ্ধ করেছে। এটা হল সেই লেখা, যেগুলি আমরা আমাদের দৈনন্দিন জীবনে ব্যবহার করে থাকি। এটা হল সেই লেখা যেটা প্রত্যেকে দেখতে পারে, ভাগ করে নিতে পারে এবং এটা নিয়ে কথা বলতে পারে, তাই এটা শিক্ষাদান এবং শিক্ষণের জন্য একটি শক্তিশালী সম্পদ। একটি 'মুদ্রণ-সমৃদ্ধ' শ্রেণিকক্ষ শিক্ষার্থীদের পঠনের আত্মবিশ্বাস গড়ে তুলতে পারে। যে শিক্ষার্থীরা তাদের পরিবেশে লেখা বোঝানোর জন্য লেখার প্রাসঙ্গিক সূত্রগুলি ব্যবহার করতে শেখে (যেমন চিত্র, স্থান, বস্তু, রঙ বা নকশা ইত্যাদি) তারা অনেক সহজেই 'প্রকৃত' পঠনে পরিবর্তন করতে সমর্থ হতে পারে।

মুদ্রণ, শিক্ষাদানের সরঞ্জামগুলি এবং শিক্ষার্থীদের লেখার উদাহরণগুলির আদান প্রদানমূলক প্রদর্শন, তাদের শিখনকে শক্তিশালী করতে পারে এবং তাদের কাজে গর্ব করার জন্য উৎসাহিত করতে পারে। শিক্ষার্থীদের নিজের লিখনের প্রদর্শন তাদের শুধু প্রেরণাই দেবে এমন নয়, এছাড়াও ইংরেজিতে সহজ, তাৎক্ষণিক-ব্যবহারযোগ্য পাঠগুলি তৈরি করবে, যেগুলিকে অন্যান্য শিক্ষার্থীরা শিক্ষকদের সাহায্যে বা শিক্ষকদের ছাড়াই পাঠ করতে পারবে। আপনার শ্রেণিকক্ষকে সাজানো এবং আপনার অনুশীলনকে 'দেখানোর' জন্য প্রদর্শন একটি ভালো উপায়। যখন বাবা-মায়েরা আপনার শ্রেণিকক্ষে আসবেন, তারা খুব তাড়াতাড়িই দেখবেন যে শিখন প্রক্রিয়া চলছে।

আমরা আশা করি, যে আপনি এই বিভাগের পাঠগুলি এবং ব্যবহারিক অ্যাক্টিভিটিগুলি উপভোগ করেছেন এবং আপনি আপনার শ্রেণিকক্ষে একটা আদান-প্রাদনমূলক, মুদ্রণ-সমৃদ্ধ পরিবেশ সৃষ্টি করতে, এবং তার পাশাপাশি ইংরেজি ব্যবহারে আত্মবিশ্বাস উন্নত করতে কিছু ভাবনার উন্নতি করেছেন।

এ বিষয়ে প্রারম্ভিক স্তরে ইংরেজি শিক্ষকের উন্নয়ন সম্পর্কিত অন্যান্য ইউনিটগুলি হল:

- *দাগ দেওয়া এবং প্রাথমিক লিখন*
- *লিখন উন্নয়ন এবং নিরীক্ষণ ।*

সম্পদসমূহ

সম্পদ 1: শব্দ দেওয়ালের বিষয়গুলি

যখন একটি শব্দমালার সংগ্রহ একটি শ্রেণিকক্ষে সুসংবদ্ধভাবে প্রদর্শন করা হয়, এটাকে প্রায়ই 'শব্দ দেওয়াল' বলা হয়ে থাকে। এই প্রদর্শনটি পঠন, লিখন, শব্দভাণ্ডার উন্নয়ন, বানানের গঠন , শব্দ/চিত্রগুলির সংযোগ এবং প্রয়োজনীয় সূত্রের জন্য একটি আদান-প্রদানমলূক সম্পদ হিসেবে ব্যবহার করা যেতে পারে। শব্দ দেওয়ালগুলি বিভিন্ন আলাদা থিম যেমন রঙ, নাম, রোজকার রুটিন শব্দ ইত্যাদি, শব্দ এবং সংখ্যার নামগুলিকে, যে শব্দগুলিতে একই শুরুর এবং শেষের অক্ষরগুলি আছে এবং শব্দ পরিবারগুলির মত চিন্তাধারাগুলির মধ্যে শ্রেণিকরণ করতে সাহায্য করে।

শব্দ দেওয়ালগুলি হল, যেকোনো শিক্ষকের জন্য শিক্ষার্থীদের বিজ্ঞান থেকে শিল্প যেকোনো বিষয়ে, তাদের ইংরেজি শব্দসংগ্রহকে উন্নত এবং শক্তিশালী হতে সাহায্য করতে কম খরচের উপায়। আপনি কত শব্দ দেওয়াল তৈরি করতে পারেন তার কোন সীমা নেই। আপনার শব্দ দেওয়ালের আয়তন এবং আকার আপনার শ্রেণিকক্ষের আয়তন এবং আকারের ওপর নির্ভর করবে। আপনি চকবোর্ড, চার্ট কাগজ, কাগজ এবং দড়ি, বা সহজভাবে আপনার শ্রেণিকক্ষের ভেতরের এবং বাইরের দেওয়ালগুলিকে ব্যবহার করতে পারেন।

চিত্র R1.1–1.3 গুলির দিকে দেখুন এবং আপনার শ্রেণিকক্ষে কি সম্ভব সেটা নিয়ে ভাবুন।

চিত্র R1.1 চার্ট কাগজ, দড়ি এবং ক্লিপগুলি ব্যবহার করা



চিত্র R1.2 ইংরেজি বর্ণমালা শব্দ দেওয়াল

চিত্র R1.3 দেওয়ালের সব জায়গা ব্যবহার করা

ঘনঘন ব্যবহৃত শব্দ দেওয়াল

প্রাথমিক স্তরের পাঠগুলির মধ্যে ঘনঘন ব্যবহৃত শব্দাবলী অন্তর্ভুক্ত করা আছে – এই শব্দগুলিকে প্রায়ই কোন কথোপকথনের মধ্যে বা বইতে দেখা যায়। (উদাহরণগুলি চিত্র R1.4. এ প্রদর্শন করা হয়েছে) যখন শিক্ষার্থীরা এই শব্দগুলি তাড়াতাড়ি এবং সহজভাবে সনাক্ত করতে পারে, তখন তারা ইংরেজি শিক্ষাগ্রহণে তাদের ভাষার দক্ষতাগুলিতে শক্তিশালী হতে পারে।

চিত্র R1.4 ঘন ঘন ব্যবহৃত শব্দাবলী পরিবর্তনের জন্য একটি চার্ট

সাহিত্য ভিত্তিক শব্দ দেওয়াল

শব্দ দেওয়ালগুলি বয়স্ক শিক্ষার্থীদের সাহিত্য পাঠের ক্ষেত্রে সাহায্য করতে সৃষ্টি করা যেতে পারে। শিক্ষক অবশ্যই মুখ্য শব্দগুলি, নতুন শব্দসংগ্রহ বা কোন সাহিত্য থেকে গৃহীত চরিত্রগুলির নাম পছন্দ করবেন, যেটা শ্রেণি পাঠ করবে। যখন শব্দগুলি পাঠের মধ্যে দেখা যাবে, সেগুলিকে অবশ্যই কাগজে লিখে একসাথে শ্রেণিকক্ষের মাঝখানে কোনে স্থানে আটকে দেওয়া উচিত। দেওয়ালটি শিক্ষার্থীদের এই নতুন শব্দগুলি শিখতে সাহায্য করবে এবং শ্রেণিতে বইটি নিয়ে আলোচনার সময় জরুরি তথ্যগুলি সহজেই আয়ত্তে আসবে ।

একটি সাহিত্যভিত্তিক শব্দ দেওয়াল, গল্পটির মূল বিষয় বা এর চরিত্রগুলির সচিত্র বিবরণ দিতে পারে (চিত্র R1.5)। এই চিত্রগুলি গল্পটির একটি লাইনের সঙ্গে, চরিত্রগুলির নামের সঙ্গে বা গল্পের সাথে জড়িত কোন কিছুর সঙ্গে সংযুক্ত থাকতে পারে, যেটি গুরুত্বপূর্ণ এবং মনে রাখার মত। যে শব্দ দেওয়ালে একটি নির্দিষ্ট গল্প থেকে শব্দ নিয়ে প্রদর্শন করানো হবে, তাতে অবশ্যই লেখক, চিত্রকর / শিল্পী এবং অনুবাদকের (যদি থাকে) নাম থাকা উচিত।

চিত্র R1.5 একটি গল্প এবং এর চরিত্রগুলির বিষয়ে একটি শব্দ দেওয়াল

ঋতুবিষয়ক শব্দ দেওয়াল

প্রাথমিক স্তরের শ্রেণিগুলি বছরের সব ঋতু ধরেই বিভিন্ন ইউনিটগুলি পাঠ করে। সুতরাং, 'বিভিন্ন ঋতু' শব্দ দেওয়াল প্রস্তুতির জন্য একটা বিষয়বস্তু হিসেবে ব্যবহার করা যেতে পারে (চিত্র R1.6)। একটি নির্দিষ্ট ঋতুর ওপর আলোকপাত করা গুরুত্বপূর্ণ প্রধান শব্দগুলিকে একটি ঋতুবিষয়ক শব্দ দেওয়াল সৃষ্টি করার জন্য ব্যবহার করা যেতে পারে।

চিত্র R1.6 একটি ঋতুবিষয়ক শব্দ দেওয়াল

প্রত্যেকটি শব্দ যখন উপস্থাপন করা হবে, তখন এটা অবশ্যই একটি কাগজের টুকরোতে লেখা এবং শ্রেণিকক্ষে উল্লেখ করা উচিত। নির্দিষ্ট সময়ের সাথে সম্পর্কযুক্ত শব্দগুলির একটি সংগ্রহ গড়ে উঠবে। উদাহরণস্বরূপ, একটি দেওয়ালের শিরোনাম 'এই দিনগুলিতে(গরম কালে)বাজারগুলি পূর্ণ....' শিক্ষার্থীদের মরশুমি ফল, মরশুমি সবজি এবং গরমের পোশাক, বা অন্যান্য জিনিসগুলি যেমন ঠাণ্ডা পানীয়, আইস ক্রিম, ছাতা, সূর্যের টুপি, রোদচশমা ইত্যাদি সম্পর্কে পর্যবেক্ষণের প্রদর্শন ঘটায়।

মরশুমের শেষে শব্দগুলি শ্রেণিকক্ষের অন্য একটি অংশে সরিয়ে দেওয়া যেতে পারে। মরশুম যত অগ্রসর হবে, শিক্ষার্থীরা বছরের প্রত্যেক ঋতুর মধ্যে মিলগুলি বা পার্থক্যগুলি দেখতে এবং প্রত্যেক ঋতুর সঙ্গে সম্পর্কিত শব্দ সংগ্রহের দিকে ফিরে তাকাতে সমর্থ হবে।

একটি শব্দ দেওয়াল অন্য অ্যাক্টিভিটিগুলির জন্যেও সম্পদ হিসেবে ব্যবহার করা যেতে পারে। যেমন ধরুন, শিক্ষার্থীরা একটা বর্তমান শব্দ দেওয়ালে লিখিত শব্দাবলী ব্যবহার করে একটা নতুন কবিতা বা গল্প সৃষ্টি করতে পারে। এটা করায় তারা শব্দগুলি বিভিন্ন উদ্দেশ্যে ব্যবহার করার সুযোগ পাবে।

শিক্ষাবর্ষটি শিশু এবং প্রাক-সাক্ষর শিক্ষার্থীদের দিয়ে শুরু করা

আপনার শ্রেণির সাথে পরিচিত হবার সঙ্গে সঙ্গে বিদ্যালয়-বর্ষ এবং শব্দ দেওয়াল শুরু করুন। প্রত্যেক দিন, পাঁচ জন করে শিক্ষার্থীর নাম লিখুন, যতদিন পর্যন্ত না সব নামগুলি দেওয়ালে লেখা হয়ে যায়। পাঁচটি নামের দিকে কিছুক্ষণ দেখে রোজ কিছু সময় কাটান এবং নামগুলির উচ্চারণ এবং অক্ষরের ধাঁচগুলির দিকে লক্ষ্য করুন। উদাহরণস্বরূপ, যদি 'Chunni' নামটা যোগ করা হয়, আপনি 'Ch' উচ্চারণটির দিকে তাকিয়ে এবং যে শব্দগুলির একইরকম উচ্চারণ রয়েছে সেই শব্দগুলির ব্যাপারে বলে সময় কাটাতে পারেন।

আপনি দেওয়ালে ইতিমধ্যেই থাকা নামগুলির সঙ্গে নতুন নামগুলির তুলনা করতে পারেন। যেমন ধরুন, 'Chunni'-এর শেষের 'i' কি 'Kadambari' এর শেষের 'e'এর থেকে আলাদা, নাকি একই? এভাবে, শিক্ষার্থীরা অক্ষর, আওয়াজ এবং বানানের ধরণগুলির বিষয়ে তাদের প্রথম শিক্ষালাভ করবে।

যে কোন বিষয়ের জন্য, শব্দ দেওয়ালে প্রত্যেক সপ্তাহে পাঁচটি করে শব্দ যোগ করুন। আপনি সোমবার দিন পাঁচটা শব্দই উপস্থাপন করতে পারেন। শিক্ষার্থীরা সোমবার সকালে শ্রেণিকক্ষে আসার আগেই পাঁচটা শব্দকেই একটি পকেট চার্টে লিখে ফেলা - এটি হল একটি কার্যকরী সম্পদ। শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে আসার পরেই পকেট চার্টের মধ্যে থাকা নতুন শব্দগুলি অনুসন্ধান করে দেখতে চাইবে। তাদের পকেট চার্টের মধ্যের শব্দগুলো নাড়াচাড়া করতে দিন এবং পাঠ করার জন্য চেষ্টা করতে বলুন। কখনও কখনও, 'শব্দ দেওয়াল সময়ের' আগেই শিক্ষার্থীরা শ্রেণিতে নতুন শব্দগুলি পাঠ করবে। এর ফলে কিছু আকর্ষণীয় আলোচনা এবং শিখণ সম্ভব হবে।

শব্দ দেওয়াল লিখন

লেখকরা, বিশেষ করে যারা অপেক্ষাকৃত কম বয়সের স্তরে রয়েছে, তাদের লেখা ব্যবহারের সময়, একটা ব্যাপক বিচিত্র শব্দভাণ্ডার পুনরুদ্ধার করতে প্রায়ই সমস্যার সম্মুখীন হয়। দেওয়ালে শব্দের তালিকার উল্লেখ করে আপনি তাদের স্মৃতিকে উসকে দিয়ে সাহায্য করতে পারেন। তালিকাটি সাধারণ বা নির্দিষ্ট হতে পারে। যদি আপনার শ্রেণি কোন নির্দিষ্ট লেখার ধরন চর্চা করে, যে শব্দগুলি প্রায়ই এই ধরনের লেখায় ব্যবহার হয়, আপনি সেই শব্দগুলি উল্লেখ করতে পারেন। উদাহরণস্বরূপ, যখন কোন শ্রেণি তুলনা এবং বিপরীতধর্মী লিখনের ওপর কাজ করছে, তখন শিক্ষার্থীদের লেখার সময় তাদের এগুলো ব্যবহারের কথা মনে করিয়ে দেওয়ার জন্য 'সদৃশ', 'ভিন্নতর', 'একই প্রকার' এবং 'বিপরীত' ইত্যাদি শব্দগুলি দেওয়ালে উল্লেখ করা যায়।

বানান শব্দ দেওয়াল

একটি বানান শব্দ দেওয়াল শিক্ষার্থীদের সাহায্য করার জন্য অবশ্যই বর্ণানুক্রমিক ভাবে সংগঠিত করা উচিত, যাতে যখন বানান করার দরকার হবে তখনই শিক্ষার্থীরা শব্দগুলির অবস্থান খুঁজে পাবে। শ্রেণিটি যে শব্দগুলির মুখোমুখি হবে এবং বানান করা শিখতে চাইবে, দেওয়ালটিতে অবশ্যই সেই শব্দগুলি থাকবে। লেখায় সাধারণ বানান ভুল, সাহিত্য থেকে মুখ্য শব্দগুলি, সাপ্তাহিক বানানের তালিকাগুলি এবং শিক্ষার্থীদের নামগুলিও শব্দ দেওয়ালে যোগ করা যেতে পারে। দেওয়ালটি যেন সবসময় একটি 'উৎপাদন প্রক্রিয়ার অন্তর্ভুক্ত' হয়ে থাকে। যখন যে শব্দগুলি বানান করে শেখা উচিত বলে আপনি এবং আপনার শ্রেণি সিদ্ধান্ত নেবেন, সেগুলোকে যুক্ত করা প্রয়োজন। বানান পরীক্ষার সময় আপনি সাদা কাগজ দিয়ে শব্দ দেওয়াল গুলি ঢেকে দিতে পারেন।

বাক্যের বিভিন্ন অংশভিত্তিক শব্দ দেওয়াল

কোন একটি ইংরেজি বাক্যের মধ্যে, কোন ব্যাকরণগত অংশ হিসাবে একটি 'পদের' ব্যবহার করা হবে, কখনও সেটা বুঝতে আমরা সবাই অসুবিধার সম্মুখীন হই। শিক্ষার্থীদের ইংরেজি ব্যাকরণের মূল ধারনাগুলি সম্পর্কে ধারনা দিয়ে সাহায্য করতে, শিক্ষকরা একটা শব্দ দেওয়াল সৃষ্টি করতে পারেন, যেটি বাক্যের পদগুলি দ্বারা সংগঠিত হবে (যেমন বিশেষ্য, ক্রিয়া, বিশেষণ, ক্রিয়াবিশেষণ ইত্যাদি)। শিক্ষার্থীরা যখন শেখে অথবা নতুন শব্দাবলী অধ্যয়ন করে, তারা প্রত্যেকটিতে সঠিক ব্যাকরণগত পদ যোগ করতে পারে। যদি আপনি আপনার শিক্ষার্থীদের, তাদের লেখনীতে কীভাবে বিশেষণগুলি ব্যবহার করে সেগুলিতে আকর্ষণীয় করা যায় সে বিষয়ে শেখাতে চান, তাহলে আপনি 'বৈচিত্রপূর্ণ বিশেষণ' নামে একটা

শব্দ দেওয়াল তৈরি করতে পারেন। শ্রেণিতে যখন কিছু গল্প বা কবিতা পাঠ করা হয়, শিক্ষার্থীদের শুনতে বলুন এবং আকর্ষণীয় বর্ণনামূলক শব্দগুলির দিকে নজর রাখতে বলুন এবং এই বিশেষণগুলিকে বিশেষ শব্দ দেওয়ালে যোগ করুন। আপনার 'বিভিন্ন প্রকার ক্রিয়াপদগুলির'-র জন্য একইরকম একটি দেওয়াল থাকতে পারে।

পাঠ্যবইয়ের ইউনিট/অধ্যায় ভিত্তিক শব্দ দেওয়াল

এই শব্দ দেওয়াল একটি নির্দিষ্ট ইউনিট বা অধ্যায়ের পাঠে সাহায্যকারী হতে পারে। আপনি এবং আপনার শিক্ষার্থীরা ইউনিট বা অধ্যায় থেকে মুখ্য শব্দগুলি বেছে নিতে পারেন এবং তাদের কাগজের ওপর লিখতে পারেন। প্রত্যেক শব্দকে যখন উপস্থাপন করা হবে, এটা অবশ্যই দেওয়ালে বর্ণানুক্রমিকভাবে যোগ করা উচিত। ইউনিটের বা অধ্যায়ের শেষে শব্দ দেওয়ালটি শিক্ষার্থীদের সামনে আসতে পারে। যদি আপনার শ্রেণিকক্ষে সীমিত স্থান থাকে, তাহলে একটা শব্দ দেওয়াল যোগ করা একটি ভালো উপায় হবে। তালিকা R1.1 হল এই ধরনের একটি শব্দ দেওয়ালের উদাহরণ।

তালিকা R1.1 *'The Magic Garden' (Marigold Class III Text Book) এর জন্য শব্দ দেওয়াল*

Aa	**Bb**	**Cc**	**Dd**	**Ee**	**Ff**	**Gg**	**Hh**
after again against all	birds bread	cans students	danced dear dig dreaming dress		fairy flowers	garden gardeners ground	happily help high
Ii	**Jj**	**Kk**	**Ll**	**Mm**	**Nn**	**Oo**	**Pp**
indeed			laughing little love	magic morning most	next nothing		playground
Qq	**Rr**	**Ss**	**Tt**	**Uu**	**Vv**	**Ww**	**Xx**
quite	roots roses running	school singing students sunflowers sunny sunshine	talking tall thirsty tiny		very	wall watering wings	
Yy	**Zz**						

সম্পদ 2: সকলকে যুক্ত করা

'সকলকে অন্তর্ভুক্ত করা' র অর্থ কী?

সমাজ ও সংস্কৃতির বৈচিত্র্য শ্রেণিকক্ষে প্রতিফলিত হয়। শিক্ষার্থীদের পৃথক পৃথক ভাষা, আগ্রহ এবং সক্ষমতা আছে। শিক্ষার্থীরা বিভিন্ন সামাজিক ও অর্থনৈতিক প্রেক্ষাপট থেকে আসে। আমরা এই পার্থক্যগুলি উপেক্ষা করতে পারি না; আমাদের অবশ্যই এগুলিকে স্বাগত জানানো উচিত, যেহেতু এগুলি একে অপরের সম্বন্ধে জানতে এবং আমাদের অভিজ্ঞতা বহির্ভূত বিশ্ব সম্পর্কে শেখার মাধ্যম হতে পারে। তাদের অবস্থা, সামর্থ্য এবং প্রেক্ষাপট নির্বিশেষে সমস্ত শিক্ষার্থীদের শিক্ষালাভের অধিকার এবং শেখার সুযোগ পাওয়ার অধিকার আছে এবং এটি ভারতীয় আইন এবং শিশুদের আন্তর্জাতিক অধিকার-এও স্বীকৃত। 2014 সালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জাতির প্রতি তাঁর প্রথম ভাষণে, ভারতের সব নাগরিকের

জাত, লিঙ্গ বা আয় বিবেচনা না করে তাদের সম্মান দেওয়ার গুরুত্বের উপর জোর দিয়েছিলেন। এই ক্ষেত্রে স্কুল ও শিক্ষকদের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা আছে।

আমাদের সকলেরই অন্যদের সম্পর্কে পূর্বধারণা এবং মতামত আছে, যা হয়তো আমরা আগে উপলব্ধি করিনি বা যার মোকাবিলা করিনি। একজন শিক্ষক হিসেবে, প্রত্যেক শিক্ষার্থীর শিক্ষার অভিজ্ঞতাকে ইতিবাচক বা নেতিবাচক ভাবে প্রভাবিত করার ক্ষমতা আপনার থাকে। আপনার শিক্ষার্থীরা কতটা সমানভাবে শিখছে সেটাকে জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে আপনার অন্তর্নিহিত পূর্বধারণা এবং মতামতগুলি প্রভাবিত করবে। আপনি আপনার শিক্ষার্থীদের প্রতি বৈষম্যমূলক আচরণ থেকে রক্ষা করতে পদক্ষেপ নিতে পারেন।

আপনি যাতে শিক্ষায় সবাইকে অন্তর্ভুক্ত করেন সেটা নিশ্চিত করার তিনটি মূল নীতি হল

- **লক্ষ করা:** কার্যকরী শিক্ষকেরা মনোযোগী, বিচক্ষণ এবং সংবেদনশীল হন; তাঁরা তাঁদের শিক্ষার্থীদের পরিবর্তনগুলি *লক্ষ করেন* । আপনি মনোযোগী হলে, কোন শিক্ষার্থী ভাল কিছু করলে তা আপনি লক্ষ করবেন, এছাড়া কখন তাদের সাহায্যের প্রয়োজন এবং কীভাবে তারা অন্যদের সঙ্গে সংযুক্ত হতে পারে হয় তাও আপনি লক্ষ করবেন। আপনি আপনার শিক্ষার্থীদের পরিবর্তনগুলোও উপলব্ধি করতে পারবেন, যা হয়তো তাদের বাড়ির অবস্থার কোনো পরিবর্তন বা অন্য কোনো সমস্যার প্রতিফলন হতে পারে। সবাইকে সংযুক্ত করার জন্য আপনাকে দৈনন্দিন ভিত্তিতে আপনার শিক্ষার্থীদের পর্যবেক্ষণ করতে হবে, সেই সব শিক্ষার্থীদের প্রতি বিশেষ মনোযোগ দিতে হবে যারা নিজেদের প্রান্তিক(marginalised) মনে করতে পারে কিংবা অংশগ্রহণ করতে অসমর্থ এইরূপ মনে করতে পারে।
- **আত্মমর্যাদার ওপর গুরুত্ব দিন:** ভাল নাগরিক হলেন তারাই, যারা তাদের সঙ্গে থাকা মানুষদের সঙ্গে স্বচ্ছন্দ থাকেন। তাঁদের আত্মমর্যাদা আছে, তাঁরা নিজের ক্ষমতা ও দুর্বলতা জানেন, এবং সামাজিক অবস্থান নির্বিশেষে অন্য মানুষদের সঙ্গে ইতিবাচক সম্পর্ক গড়ে তোলার সামর্থ্য রাখেন। তাঁরা নিজেদের সম্মান করেন এবং তাঁরা অন্যদেরও সম্মান করেন। শিক্ষক হিসাবে আপনি অল্প বয়স্ক ব্যক্তির আত্মসম্মানের উপর গুরুত্বপূর্ণ প্রভাব ফেলতে পারেন; আপনাকে সেই ক্ষমতার বিষয়ে সচেতন হতে হবে এবং প্রত্যেক শিক্ষার্থীর আত্মসম্মান গড়ে তুলতে সেটা ব্যবহার করতে হবে।
- **নমনীয়তা:** আপনার শ্রেণিকক্ষে যদি নির্দিষ্ট কোনো শিক্ষার্থী, দল বা ব্যক্তির ক্ষেত্রে কোনো কিছু কাজ না করে, তাহলে আপনার পরিকল্পনা পাল্টাতে বা অ্যাক্টিভিটি স্থগিত রাখতে প্রস্তুত থাকুন। নমনীয়তা আপনাকে পরিবর্তন করতে সক্ষম করবে, যাতে আপনি সমস্ত শিক্ষার্থীকে আরো কার্যকরভাবে অংশগ্রহণ করাতে পারেন।

যে পন্থাগুলি আপনি সব সময় ব্যবহার করতে পারেন

- **ভাল আচরণের নমুনা:** জাতি, ধর্ম বা লিঙ্গ নির্বিশেষে প্রত্যেকের সঙ্গে ভাল আচরণ করে আপনার শিক্ষার্থীদের সামনে ভালো নিদর্শন স্থাপন করুন। সব শিক্ষার্থীদের যথাযথ সম্মান দিয়ে আচরণ করুন আর আপনার পড়ানোর মাধ্যমে সুস্পষ্ট করে দিন যে আপনি সমস্ত শিক্ষার্থীকে সমান গুরুত্ব দেন। তাদের সবাই কে সম্মান দিয়ে কথা বলুন, যখন উপযুক্ত তখন তাদের মতামত গ্রহণ করুন, আর সবাইকে উপকৃত করবে এমন কাজ করার মাধ্যমে তাদের শ্রেণিকক্ষের জন্য দায়িত্ব গ্রহণ করতে উৎসাহ দিন।
- **উচ্চ প্রত্যাশা:** সামর্থ অপরিবর্তনীয় নয়; উপযুক্ত সাহায্য পেলে সব শিক্ষার্থী শিখতে এবং উন্নতি করতে পারে। আপনি শ্রেণিতে যে কাজটা করছেন, কোনো শিক্ষার্থীর যদি সেটা বুঝতে সমস্যা হয়, তাহলে ধরে নেবেন না যে তারা কখনই বুঝতে পারবে না। শিক্ষক হিসেবে আপনার ভূমিকা হল, প্রত্যেক শিক্ষার্থীকে কীভাবে সবচেয়ে ভালভাবে শিখতে সাহায্য করা যায় তা নির্ধারণ করা। আপনার যদি শ্রেণির প্রত্যেকের কাছে উচ্চ প্রত্যাশা থাকে, তাহলে আপনার শিক্ষার্থীদেরও এটা ভাবার সম্ভাবনা বেশি যে তারা ধৈর্য্য ধরলে শিখতে পারবে। উচ্চ প্রত্যাশা

আচরণের ক্ষেত্রেও প্রযোজ্য হওয়া উচিত। প্রত্যাশাগুলি যাতে স্পষ্ট হয় এবং শিক্ষার্থীরা একে অপরকে যথাযথ সম্মান দিয়ে আচরণ করে তা নিশ্চিত করুন।

- **আপনার পড়ানোয় বৈচিত্র্য আনুন:** শিক্ষার্থীরা বিভিন্ন ভাবে শেখে। কিছু কিছু শিক্ষার্থী লিখতে ভালবাসে; অন্যরা তাদের ধারণাগুলি উপস্থাপন করতে মনের মানচিত্র বা ছবি আঁকা পছন্দ করে। কিছু কিছু শিক্ষার্থীরা ভাল শ্রোতা; কেউ কেউ তাদের ধারণা সম্পর্কে কথা বলার সুযোগ পেলে খুব ভাল শেখে। আপনি সবসময় সমস্ত শিক্ষার্থীর জন্য উপযোগী হবে এমন করে শেখাতে পারেন না, তবে আপনার পড়ানোয় বৈচিত্র্য আনতে পারেন এবং শিক্ষার্থীদের শিখনের জন্য তাদের যে অ্যাক্টিভিটিগুলি করতে হবে সেগুলি পছন্দ করার সুযোগ দিতে পারেন।
- **শিখনকে দৈনন্দিন জীবনের সঙ্গে সম্পর্কযুক্ত করুন:** কিছু শিক্ষার্থীর কাছে তাদের যা শিখতে বলছেন সেটা তাদের দৈনন্দিন জীবনে অপ্রাসঙ্গিক বলে মনে হয়। যখনই সম্ভব, এই শেখাকে তাদের জন্য প্রাসঙ্গিক কোনো বিষয়ের সঙ্গে সম্পর্কিত করে এবং তাদের অভিজ্ঞতা থেকে উদাহরণ টেনে আপনি এই সমস্যার মোকাবিলা করতে পারেন।
- **ভাষার ব্যবহার:** আপনার ব্যবহার করা ভাষা সম্পর্কে যত্নসহকারে চিন্তা করুন। ইতিবাচক ভাষা ও প্রশংসা ব্যবহার করুন, এবং শিক্ষার্থীদের উপহাস করবেন না। সর্বদা তাদের আচরণের ওপর মন্তব্য করবেন, ব্যক্তিগতভাবে তাদের সম্বন্ধে নয়। 'আজকে তুমি আমাকে বিরক্ত করছ' মন্তব্যটা খুবই ব্যক্তিগত, বরং এটাকেই 'তোমার আচরণটা আজ খুবই বিরক্তিকর' দিয়ে আরও ভালো ভাবে প্রকাশ করা যেতে পারে। তোমার কি কোনো কারনে মনঃসংযোগ করতে সমস্যা হচ্ছে?' বলে এটা আরো ভালভাবে প্রকাশ করতে পারেন।
- **গতানুগতিক চিন্তাভাবনাকে চ্যালেঞ্জ করা:** এমন সম্পদ খুঁজুন ও ব্যবহার করুন যাতে মেয়েদের বাঁধাধরা চিন্তাভাবনার বাইরের কোনো ভূমিকায় দেখানো হয়, অথবা অনুকরণীয় মহিলা ব্যক্তিত্বদের, যেমন মহিলা বিজ্ঞানীদের স্কুল পরিদর্শনে আসার আমন্ত্রণ জানান। আপনার নিজের লিঙ্গগত বাঁধাধরা চিন্তাভাবনা সম্বন্ধে সচেতন হোন; আপনি হয়ত জানেন যে মেয়েরা যত্নশীল হয় আর ছেলেরা খেলাধুলো করে, কিন্তু আমরা প্রায়ই এটা অন্যভাবে প্রকাশ করে থাকি, যার প্রধান কারণ হল আমরা সমাজে ওইভাবে কথা বলতেই অভ্যস্ত।
- **একটা নিরাপদ, আন্তরিক শিখন পরিবেশ সৃষ্টি করুন:** সমস্ত শিক্ষার্থীর স্কুলে নিরাপদ ও স্বাচ্ছন্দ বোধ করা আবশ্যক। আপনি এমন একটা জায়গায় আছেন যেখান থেকে প্রত্যেককে পারস্পরিক শ্রদ্ধাশীল এবং বন্ধুত্বপূর্ণ আচরণে উৎসাহিত করে আপনি আপনার শিক্ষার্থীদের স্বচ্ছন্দ বোধ করাতে পারেন। বিভিন্ন শিক্ষার্থীর কাছে বিদ্যালয় ও শ্রেণিকক্ষ কি রকম মনে হতে পারে এবং ধারণা হতে পারে সেই সম্পর্কে চিন্তা করুন। কোথায় তাদের বসতে বলা উচিত বিবেচনা করুন এবং নিশ্চিত করুন যাতে দৃষ্টি বা শ্রবণ অক্ষমতা আছে, বা শারীরিক প্রতিবন্ধী শিক্ষার্থীদের এমন স্থানে বসান যেখান থেকে তারা পাঠে অংশ গ্রহণ করতে পারে। যাচাই করুন যে লাজুক বা সহজে মনোযোগ বিক্ষিপ্ত হয় এমন শিক্ষার্থীরা যেন এমন জায়গায় বসে, যেখানে আপনি সহজেই তাদেরকে লক্ষ করতে পারবেন।

নির্দিষ্ট শিক্ষণ পন্থা

কয়েকটি নির্দিষ্ট পন্থা আছে যা সকল শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করতে আপনাকে সাহায্য করবে। এইগুলি অন্যান্য মূল সম্পদসমূহে আরো বিস্তারিতভাবে বর্ণিত আছে, তবে একটি সংক্ষিপ্ত পরিচয় এখানে দেওয়া হল:

- **প্রশ্ন করা:** আপনি যদি শিক্ষার্থীদের হাত তুলতে বলেন, তাহলে একই শিক্ষার্থী বারবার উত্তর দেবে। উত্তর সম্পর্কে চিন্তা করা এবং প্রশ্নের উত্তর দেবার ক্ষেত্রে আরো বেশি সংখ্যক শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করার অন্যান্য পদ্ধতি আছে। আপনি নির্দিষ্ট ব্যক্তিদের সরাসরি প্রশ্নগুলি করতে পারেন। ক্লাসকে বলুন যে, কে উত্তর দেবে সেটা আপনি ঠিক করবেন, তারপরে সামনের শিক্ষার্থীদের পরিবর্তে কক্ষের পিছনে আর পাশের দিকে বসে থাকা শিক্ষার্থীদের প্রশ্ন

করুন। শিক্ষার্থীদের 'চিন্তা করার সময়' দিন এবং নির্দিষ্ট শিক্ষার্থীদের অংশগ্রহণ করতে আহ্বান করুন। আত্মবিশ্বাস বাড়ানোর জন্য জুটিতে বা দলগত কাজ করার পন্থা ব্যবহার করুন, যাতে আপনি প্রত্যেককে সমগ্র শ্রেণির আলোচনায় যুক্ত করতে পারেন।

- **মূল্যায়ন:** গঠনমূলক মূল্যায়নের জন্য কিছু কৌশল গড়ে তুলুন যা প্রত্যেক শিক্ষার্থীকে ভালভাবে জানতে আপনাকে সাহায্য করবে। লুপ্ত প্রতিভা উন্মোচন এবং ঘাটতি দূর করার জন্য আপনাকে সৃজনশীল হতে হবে। কিছু শিক্ষার্থী এবং তাদের সামর্থ্য সম্বন্ধে সাধারণ ধারণা থেকে সহজে যা অনুমান করা যায় তার পরিবর্তে গঠনমূলক মূল্যায়ন আপনাকে সঠিক তথ্য প্রদান করবে। আপনি তারপরে তাদের ব্যক্তিগত চাহিদা আরও ভাল ভাবে পূরণ করতে সক্ষম হবেন।
- **দলগত কাজ এবং জুটিতে কাজ:** সবাইকে অন্তর্ভুক্ত করার লক্ষ্যকে মাথায় রেখে, আপনার ক্লাসকে কীভাবে দলে বিভাজিত করা যায় বা কীভাবে জুটি তৈরি করা যায় সেই ব্যাপারে সতর্কভাবে ভাবুন, আর শিক্ষার্থীদেরকে একে অন্যকে গুরুত্ব দিতে উৎসাহ দিন। নিশ্চিত করুন যেন সমস্ত শিক্ষার্থী একে অন্যের থেকে শেখার সুযোগ পায় আর তারা যা জানে সেটায় আত্মবিশ্বাস অর্জন করতে পারে। কিছু শিক্ষার্থীর ছোট ছোট দলে তাদের ধারণাগুলো প্রকাশ করার এবং প্রশ্ন জিজ্ঞাসা করার আত্মবিশ্বাস থাকে, কিন্তু পুরো শ্রেণির সামনে সেটা করার আত্মবিশ্বাস থাকে না।

পৃথকীকরণ: আলাদা আলাদা দলের জন্য আলাদা কাজ নির্ধারণ করলে সেটা শিক্ষার্থীদেরকে তাদের বর্তমান অবস্থান থেকে শুরু করতে এবং এগিয়ে যেতে সাহায্য করবে। একাধিক সম্ভাবনাময় কাজ নির্ধারণ সকল শিক্ষার্থীদের সফল হওয়ার সুযোগ দেবে। শিক্ষার্থীদের কাজ বেছে নিতে দেওয়া তাদের কাজের স্বত্বাধিকার বোধ করাতে এবং তাদের নিজেদের শেখার জন্য দায়িত্ব নিতে সাহায্য করে। ব্যক্তিবিশেষের শিক্ষাগত চাহিদা বিবেচনা করা কঠিন হয়, বিশেষত বড় ক্লাসের ক্ষেত্রে, তবে বিভিন্ন প্রকারের কাজ ও অ্যাক্টিভিটি ব্যবহার করে এটা করা যায়।

অতিরিক্ত ব্যবহারিক সম্পদসমূহ

- RVEC Bangalore: http://www.rvec.in/
- Teachers of India classroom resources: http://www.teachersofindia.org/en

তথ্যসূত্র/গ্রন্থতালিকা

Dombey, H. and Moustafa, M. (1998) *Whole to Part Phonics: How Children Learn to Read and Spell*. London: Centre for Literacy in Primary Education.

Graham, J. and Kelly, A. (2010) *Writing under Control: Teaching Writing in the Primary School*, 3rd edn. London: Routledge.

Graves, D. (2003) *Writing: Teachers and Children at Work*. Portsmouth: Heinemann.

Graves, D. (1994) *A Fresh Look at Writing*. Portsmouth: Heinemann.

O'Sullivan. O. (2007) *Understanding Spelling*. London: Centre for Literacy in Primary Education.

Smith, F. (1994) *Writing and the Writer*. London: Routledge.

কৃতজ্ঞতাস্বীকার

তৃতীয় পক্ষের উপাদানগুলি ব্যতীত এবং অন্যথায় নীচে বর্ণিত না থাকলে এই সামগ্রীটি একটি ক্রিয়েটিভ কমনস অ্যাট্রিবিউশন শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্ধ হয় (http://creativecommons.org/licenses/by-sa/3.0/)। নীচে স্বীকৃত উপাদানটি মালিকানাধীন এবং এই প্রকল্পের লাইসেন্সের অধীনে ব্যবহার করা হয় এবং ক্রিয়েটিভ কমনস লাইসেন্সের বিষয়বস্তু নয়। এর অর্থ এই উপাদানটি কেবল মাত্র TESS-ইন্ডিয়া প্রকল্পে অ্যাডাপ্ট না করেই ব্যবহার করতে পারা যায়, কোনও পরবর্তী OER সংস্করণগুলিতে পারা যায় না। এর মধ্যে TESS–ইন্ডিয়া, OU এবং UKAID লোগোগুলির ব্যবহার অন্তর্ভুক্ত।

এই ইউনিটে উপাদানটি পুনরুৎপাদনে অনুমোদন প্রাদনের জন্য নিম্নলিখিত উৎসগুলির প্রতি কৃতজ্ঞতা স্বীকার করা হয়:

চিত্র 1: মাদার ডেয়ারির ট্রেডমার্ক, http://www.motherdairy.com. [Figure 1: Mother Dairy trademark, http://www.motherdairy.com.]

চিত্র 2: চেয়ার, http://appfinder.lisisoft.com/app/my-first-100-words-in-hindi.html; toilet sign, http://www.ispeakhindi.com/2009/04/08/airport-signs-in-india/; stop sign, http://signs.kiev.ua/; [Figure 2: chair, http://appfinder.lisisoft.com/app/my-first-100-words-in-hindi.html; toilet sign, http://www.ispeakhindi.com/2009/04/08/airport-signs-in-india/; stop sign, http://signs.kiev.ua/;]

চিত্র 3: বাম: http://www.etsy.com/; অধিকার: http://giedd-kindergarten.blogspot.co.uk/. [Figure 3: left: http://www.etsy.com/; right: http://giedd-kindergarten.blogspot.co.uk/.]

চিত্র 4: বাম দিক: *টাইমসের* (ভারত) চিত্র আভিভা ওয়েস্ট (ফ্লিকার) দ্বারা; মধ্য: ছবির সৌজন্যে কমিউনিকেশন প্রোগ্রামের জন্য, জন হপকিন্স ইউনিভার্সিটি ব্লুমবার্গ স্কুল অব পাবলিক হেল্থ/সেন্টার মেডিক্যাল মেটিরিয়াল ক্লিয়ারিং হাউস; ডান দিস: *বরফি* ফিল্মের পোস্টার, http://infinitymoviez.blogspot.co.uk/. [Figure 4: left: photo of *Times* (India) by Aviva West (Flickr); middle: photo courtesy of the Medical Materials Clearinghouse at the Johns Hopkins University Bloomberg School of Public Health/Center for Communication Programs; right: *Barfi* film poster, http://infinitymoviez.blogspot.co.uk/.]

চিত্র 5: http://www.thecurriculumcorner.com/2012/07/24/-the-room-classroom-labels/. [Figure 5: http://www.thecurriculumcorner.com/2012/07/24/read-the-room-classroom-labels/.]

চিত্র R1.1: http://tcnj.pages.tcnj.edu/. [Figure R1.1: http://tcnj.pages.tcnj.edu/.]

চিত্র R1.2: http://nicadez.blogspot.co.uk/2013/02/the-importance-of-word-walls.html. [Figure R1.2: http://nicadez.blogspot.co.uk/2013/02/the-importance-of-word-walls.html.]

চিত্র R1.3: http://usf.vc/updates/driving-change-through-rural-education-in-india/. [Figure R1.3: http://usf.vc/updates/driving-change-through-rural-education-in-india/.]

চিত্র R1.5: http://schools.cbe.ab.ca/b233/showcase.htm. [Figure R1.5: http://schools.cbe.ab.ca/ b233/ showcase.htm.]

চিত্র R1.6: http://www.kinderbykim.com/. [Figure R1.6: http://www.kinderbykim.com/.]

কপিরাইট স্বত্বাধিকারীদের সাথে যোগাযোগ করার উদ্দেশ্যে সর্বতোভাবে প্রচেষ্টা করা হয়েছে। যদি কোনোটি অনিচ্ছাকৃতভাবে নজর এড়িয়ে গিয়ে থাকে, তাহলে প্রকাশকরা প্রথম সুযোগেই সানন্দে প্রয়োজনীয় বন্দোবস্ত করবেন।

ভিডিও (ভিডিও স্টিল সহ): ভারত ব্যাপী শিক্ষকদের শিক্ষাদানকারী, প্রধান শিক্ষক, শিক্ষক ও ছাত্রছাত্রীদের ধন্যবাদ জানানো হচ্ছে, যারা প্রস্তুতির সময়ে ওপেন ইউনিভার্সিটির সঙ্গে কাজ করেছিলেন।